

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ  
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়  
চকএনায়েত মাষ্টারপাড়া, মুক্তিরমোড়,  
সদর, নওগাঁ।  
[www.dife.naogaon.gov.bd](http://www.dife.naogaon.gov.bd)


নং-৪০.০১.৬৪০০.০০০.৯৯.০১১.২৩-২৬৭

তারিখ: ২২/০২/২০২৩

“এসডিজি SDG বিষয়ক সভার নোটিশ”

অত্র দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসডিজি (SDG) বিষয় সভা আগামী ১৫/০২/২০২৪ খ্রি: বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় উপমহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে অত্র দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। সভায় প্রধান অতিথি হিসেবে জনাব শিউলি আকতার, উপমহাপরিদর্শক, সেকটি শাখা, প্রধান কার্যালয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

  
০২/০২/২০২৬  
(আশিকুর রহমান)  
উপমহাপরিদর্শক  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়, নওগাঁ।

বিতরণঃ

- ১। শ্রম পরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নওগাঁ।
- ২। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নওগাঁ।
- ৩। অফিস কপি, অত্র দপ্তর।

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ  
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়  
চকএনায়েত মাষ্টারপাড়া, মুক্তিরমোড়,  
সদর, নওগাঁ।  
[www.dife.naogaon.gov.bd](http://www.dife.naogaon.gov.bd)

বিষয়ঃ এসডিজি (SDG) বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : আশিকুর রহমান।  
উপমহাপরিদর্শক।  
সভার তারিখ : ১৫/০২/২০২৪ খ্রি:।  
সভার স্থান : উপমহাপরিদর্শকের কার্যালয়ের সভাকক্ষ।  
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয়   | আলোচনা  | সিদ্ধান্ত  | বাস্তবায়নকারী  |
|---------|--|---|--|---|
| ১।      | কোন কারখানা/প্রতিষ্ঠানে দুর্ঘটনা ঘটলে ফরম ২৭ অনুযায়ী দুর্ঘটনার নোটিশ অত্র দপ্তরে প্রেরণ প্রসঙ্গে। | সভাপতি মহোদয় বলেন, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা-৮০ অনুযায়ী, কোন কারখানা/প্রতিষ্ঠানে দুর্ঘটনা ঘটলে এবং তাতে প্রাণহানি বা জখম হলে প্রতিষ্ঠান মালিক কর্তৃক অত্র দপ্তরকে ০২ (দুই) কর্মদিবসের মধ্যে ফরম-২৭ অনুযায়ী নোটিশ প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। যদি আহত হওয়ার ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার মধ্যে কোন শ্রমিক কাজে অনুপস্থিত থাকে তবে তা দুর্ঘটনার রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। ধারা-৮১ অনুযায়ী, কোন প্রতিষ্ঠানে বিপজ্জনক ঘটনা ঘটলে মালিককে অবশ্যই ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নোটিশ প্রেরণ করতে হবে। | সকল কারখানা/প্রতিষ্ঠান মালিককে দুর্ঘটনা সংঘটিত হলে ফরম-২৭ অনুযায়ী অত্র দপ্তরে নোটিশ প্রেরণের ব্যবস্থা নেওয়ার বিষয়ে অবগত করার জন্য শ্রম পরিদর্শকগণকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শ্রম পরিদর্শক (অত্র দপ্তর), কারখানা/প্রতিষ্ঠান মালিক কর্তৃপক্ষ। |
| ২।      | এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভার আয়োজন  | সভাপতি মহোদয় বলেন, সকল কারখানা প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা প্রয়োজন।   | সকল কারখানা প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করতে শ্রম পরিদর্শকগণকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।   | শ্রম পরিদর্শক (সকল) অত্র দপ্তর।                                     |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বা:  
(আশিকুর রহমান)  
উপমহাপরিদর্শক  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়, নওগাঁ।

স্মারক নং: ৪০.০১.৬৪০০.০০০.৯৯.০১১.২৩- ১৮৮

তারিখ: ২০/০২/২০২৪

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। শ্রম পরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নওগাঁ।
- ৪। অফিস কপি, অত্র দপ্তর।

  
২০/০২/২৪  
(আশিকুর রহমান)  
উপমহাপরিদর্শক